গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০১.২০১৬-১৯৩ তারিখঃ ১৩.০৮.২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ 'ইনোভেশন টিমসূহের ২০১৭-১৮ অর্থ-বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০৪.১৭.২১২, তারিখ: ০২ জুলাই ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-১৮ অর্থ-বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং ১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

সংযুক্ত: বর্ণনামতে।

(মো: লুৎফর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: জনাব মো: শাহগীর আলম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, পরিবহন পুল ভবন, কক্ষ নং-৮১৩)

**কার্যার্থে ও জ্ঞাতার্থে:**

১. প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

D:\ADMIN-4 (M&A Einovation 001.2016 (45.141.093.00.00.001.2016)\Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

বিষয়ঃ **01 জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রেরণ।**

**ইনোভেশন টিমের সভা**

- **চীফ ইনোভেশন অফিসারের সভাপতিত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভাঃ** চীফ ইনোভেশন অফিসারের সভাপতিত্বে ৬টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

**আইডিয়া ম্যানেজম্যান্ট ও স্কেল আপ**

- **পাইলটিংকৃত আইডিয়া/প্রকল্পসমূহের শোকেসিং:** পাইলটিংকৃত আইডিয়া/প্রকল্পসমূহের গত ১২ জানুয়ারি ২০১৭ শোকেসিং ও শেয়ারিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক (এসডিজি) প্রধানমন্ত্রীর কার্যালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম.এন জিয়াউল আলম, সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ ও জনাব মোঃ সিরাজুল ইসলাম, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব অধ্যাপক ডা: আবুল কালাম আজাদ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। উক্ত কর্মশালায় মাঠ পর্যায়ে নাগরিক সেবায় উদ্ভাবনী পাইলট উদ্যোগ বাস্তবায়নকারী ১৮ জন কর্মকর্তা, মন্ত্রণালয় এবং অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। জনাব আ: গাফফার খান, যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে বাছাই কমিটি কর্মশালায় অংশগ্রহণকৃত ২২টি উদ্ভাবনী প্রকল্প হতে ৪টি প্রকল্প রেপ্লিকেশনের জন্য বাছাই করা হয়।

**আওতাধীন অধিদপ্তর/সংস্থার উদ্ভাবন কার্যক্রম তদারকি**

- এ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ৭টি অধিদপ্তর/সংস্থাসমূহে ইনোভেশন টিমের নিয়মিত সভা অনুষ্ঠিত হয়েছে, বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে (কার্যবিবরণীর কপি সংযুক্ত), প্রশিক্ষণ কর্মসূচিতে ইনোভেশন অন্তর্ভুক্ত করা হয়েছে এবং সমন্বয় সভার আলোচ্য সূচিতে ইনোভেশন অন্তর্ভুক্ত করা হয়েছে।
- **মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের প্রত্যেক সদস্যের মাঠ পর্যায়ের ইনোভেশন পাইলট, এসআইএফভুক্ত প্রকল্পসমূহ পরিদর্শনঃ** মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের কার্যক্রম ও পরিদর্শন চলমান রয়েছে।

**ই-ফাইলিং ও ই-সেবা কার্যক্রম**

- **মন্ত্রণালয়ের দু'টি শাখা/অধিশাখায় ই-ফাইলিং কার্যক্রমের প্রস্তুতি গ্রহণঃ** মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা এবং কম্পিউটার সেলের ই-ফাইলিং কার্যক্রম চালুর প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আগামী ২৬ জুলাই ২০১৭ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয় কর্তৃক উদ্বোধনের সময় নির্ধারণ করা হয়েছে।
- **প্রশিক্ষণঃ** মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ৩৮ জন অফিসারকে ই-ফাইলিং প্রশিক্ষণ দেওয়ার জন্য নির্বাচন করা হয়েছে।

পুরস্কার/স্বীকৃতি

- **ইনোভেশন পাইলট/প্রকল্পের সফল ইনোভেটর/উত্তম ইনোভেটরকে পুরস্কার/স্বীকৃতি প্রদান:** ইনোভেশন পাইলট/প্রকল্পের সফল ইনোভেটর/উত্তম ইনোভেটরকে পুরস্কার/স্বীকৃতি প্রদানের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

পার্টনারশিপ ও নেটওয়ার্কিং

- **ইনোভেশন সম্পৃক্ত প্রশিক্ষণ, বুদ্ধিবৃত্তিক পরামর্শসহ বিবিধ বিষয়ে a2i প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ** বিভাগ ও **সংশ্লিষ্ট অংশীজনদের সাথে যোগাযোগ স্থাপন:** ইনোভেশন সম্পৃক্ত প্রশিক্ষণ, বুদ্ধিবৃত্তিক পরামর্শসহ বিবিধ বিষয়ে a2i প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগ ও সংশ্লিষ্ট অংশীজনদের সাথে যোগাযোগ অব্যাহত আছে।

সোশাল মিডিয়া

- **মন্ত্রণালয়ের নিজস্ব ফেইসবুকে ইনোভেশন সম্পৃক্ত বিষয়াদি প্রকাশঃ** মন্ত্রণালয়ের নিজস্ব ফেসবুক পেজ রয়েছে। মন্ত্রণালয়ের নিজস্ব ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার সংযুক্ত করা হয়েছে। উক্ত কর্ণারে মন্ত্রণালয় এবং এর আওতাধীন বিভিন্ন অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত তথ্যাদি আপলোড করা হয়েছে।

ডকুমেন্টেশন

- **বর্ষশেষে উদ্ভাবন উদ্যোগের অগ্রগতি সংকলন করে পুস্তিকা প্রকাশ:** উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।